গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৭.০৯.২০২৫ খ্রি.

# ২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

প্রথম ধাপ:

অনলাইনে আবেদন: ২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Private) অপশনের মাধ্যমে অদ্য ০৮.০৯.২০২৫ খ্রি. থেকে ১৭.০৯.২০২৫ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন ফরম পূরণ করে আবেদন ফরমটি ডাউনলোড করে (A4 সাইজের কাগজে) প্রিন্ট নিতে হবে। প্রিন্ট নিয়ে নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর পূর্বক মুরারিচাঁদ কলেজ, সিলেট এ ***"সোনালী ই সেবা"*** এর মাধ্যমে নির্ধারিত ফি আগামী ০৮.০৯.২০২৫ খ্রি. থেকে ১৭.০৯.২০২৫ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত জমা দিয়ে কলেজ আবেদন ফরম ও প্রয়োজনী কাগজপত্রসহ কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে কমিটির নিকট জমা দেওয়ার জন্য শিক্ষার্থীর নির্দেশ দেয়া হলো।

দ্বিতীয় ধাপ:

ফি ও আবেদন ফরম জমাদান: শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা আবেদন ফরমটি নির্ধারিত ফি বাবদ (ইনকোর্স ও ব্যবস্থাপনা ফিসহ) (৫৫০+১২৭০+২০০+৫০)=২,০৭০/- (দুই হাজার সত্তর) টাকা সোনালী ই সেবার মাধ্যমে পরিশোধ করতে হবে। সোনালী ই সেবার মাধমে টাকা পরিশোধের কপি, আবেদন ফরম, স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/ প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি এবং দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গিকারনামা মুরারিচাঁদ কলেজ, সিলেট এর তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে সংলিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।

১। আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলী:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

২। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নিবার্চন:

ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি

খ) আসন সংখ্যা: প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।

গ) দ্বৈত ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

| | |
|---|---|
| শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আবেদনের তারিখ: | ০৪.০৯.২০২৫ থেকে ১৭.০৯.২০২৫ রাত ১২.০০ টা পর্যন্ত |
| "সোনালী ই সেবা" এর মাধ্যমে টাকা জমাদানের তারিখ: | ০৮.০৯.২০২৫ থেকে ১৭.০৯.২০২৫ রাত ১২.০০ টা পর্যন্ত |
| কলেজে কমিটির নিকট কাগজপত্র জমাদানের তারিখ: | ০৮.০৯.২০২৫ থেকে ১৮.০৯.২০২৫ দুপুর ২.০০ টা পর্যন্ত |

"সোনালী ই-সেবায়" টাকা (২,০৭০/-) জমাদানের লিংক

https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Application Fee" বাটেন ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ এর কপি কলেজে জমা দিতে হবে।

বি.দ্র. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর

০৭.০৯.২৫

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

০৭.০৯.২০২৫

আহবায়ক

মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশন কমিটি-২০২৩

মুরারিচাঁদ কলেজ, সিলেট